

غَيْب (গাইব) শব্দটির অর্থ কি

আসসালামু আলাইকুম ওয়ারহমতুল্লাহি ওয়া বারাকাতুহু।

বিসমিল্লাহির রহমানির রাহীম।

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে: **غَيْب (গাইব) শব্দটির অর্থ কি**

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:

সূরা ২ বাকারা, আয়াত ৩

الَّذِينَ يُؤْمِنُونَ بِالْغَيْبِ

যারা অদৃশ্য বিষয়গুলোতে বিশ্বাস স্থাপন করে।

যারা আল্লাহর উপর, মালাইকা(ফেরেশতার) উপর, কিতাব সমূহের উপর, কিয়ামতের উপর, জান্নাতের উপর, জাহান্নামের উপর, আল্লাহর সঙ্গে সাক্ষাতের উপর এবং মৃত্যুর পর পুণরুত্থানের উপর বিশ্বাস স্থাপন করা।(তাবারী ১/২৩৬)।

একটি হাদীস আহমদ ৪/১০৬

ইবন মুহাইরীজ (রহঃ)হযরত আবু জুমু'আ(রাঃ)নামক সাহাবীকে জিজ্ঞেস করেন এমন একটি হাদীস আমাকে শুনিয়ে দিন যা আপনি রাসুলুল্লাহ(সাঃ) থেকে শুনেছেন। আচ্ছা আমি আপনাকে খুবই ভাল একটি হাদীস শুনাচ্ছি। একবার আমরা রাসুলুল্লাহ(সাঃ) এর সাথে নাশতা করছিলাম। আমাদের সাথে হযরত আবু উবাইদাহ্ ইবনে জাব্রাহ্(রাঃ) ছিলেন। তিনি বলেনঃ হে আল্লাহর

রাসুল(সাঃ) আমাদের চেয়েও উত্তম আর কেহ আছ কি? আমরা ইসলাম গ্রহণ করেছি। জিহাদে অংশ নিয়েছি। তিনি বললেনঃ হ্যাঁ, আছে। ঐ সমুদয় লোক তোমাদের চেয়ে উত্তম, যারা তোমাদের পরে আসবে এবং আমার উপর বিশ্বাস স্থাপন করবে, অথচ তারা আমাকে দেখতে পাবে না।

প্রিয় ভাই ও বোনেরা, **غَيْب** এর উপর সুদৃঢ় বিশ্বাস স্থাপন করা ঈমানের অংগ। আল্লাহ তা'য়লা আমাদেরকে মজবুত ঈমানদার হওয়ার তৌফিক দান করুন।

আমীন।

আসসালামু আলাইকুম ওয়ারহমতুল্লাহি ওয়া বারাকাতুল্হ।

.....